

নম্বর 202.65

নির্বাহী আদেশ

**আইনের সাময়িক স্বগিতাদেশ এবং পরিবর্তন অব্যাহত রাখা  
সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা**

**যেখানে,** 7 মার্চ 2020 তারিখে আমি নিউ ইয়র্ক স্টেটের সর্বত্র রাজ্যের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

**যেখানে,** COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিবদ্ধ করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

**সুতরাং, এখন** আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, অ্যান্ড্রু এম. কুওমো, নির্বাহী আইনের আর্টিকেল 2-B-এর সেকশন 29-a এর অধীনে আমার উপর ন্যস্ত কর্তব্য পালনের কর্তৃত্বের দ্বারা স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময় যেকোনো সংস্কার যেকোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে বা বিলম্বিত করে বা প্রয়োজনে এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার জন্য প্রয়োজন হলে সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি, অতএব, আমি এতদ্বারা আইনের স্বগিতাদেশ এবং পরিবর্তনগুলি এবং যে কোন নির্দেশ যা কার্যনির্বাহী আদেশ 202.36, 202.37, 202.46, 202.47, 202.54, 202.58 এবং 202.59 এ উল্লিখিত কোন পরবর্তী নির্দেশ দ্বারা অতিক্রম করা হয়নি, সেগুলি অব্যাহত রাখছি আরো ত্রিশ দিনের জন্য 23 অক্টোবর 2020 পর্যন্ত।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহরসহ দুই হাজার বিশ

সালের সেপ্টেম্বর মাসের তেইশতম দিনে

এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব